



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১৬.১৯.১০৯

তারিখ: ২৪ মাঘ ১৪২৭

০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৩১৯/২০১৯ এর রায়ের প্রেক্ষিতে কন্টেম্পট পিটিশন
নং ৯৫/২০২০ এর রায় বাস্তবায়ন

সূত্র: ২০৮৩---

জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন নুরুন নাহার মির্জা কাশেম মহিলা ডিগ্রি কলেজের লাইব্রেরিয়ান জনাব হ্যাপী জাহান ফেরদৌস বকেয়াসহ টাইম স্কেল প্রাপ্তির বিষয়ে অত্র অধিদপ্তরে বিগত ০৬/০৭/২০১৯খ্রি. তারিখে আবেদন করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৩১৯/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ সচিব, শিক্ষা মন্ত্রণালয়-গংকে বিবাদী করে রুল নিশি জারিসহ অন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তবর্তীকালীন আদেশে মহামান্য আদালত ০৬/০৭/২০১৯খ্রি. তারিখে আবেদনটি ০২ নং বিবাদীকে অর্থাৎ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন। উল্লেখ্য যে, আবেদন নিষ্পত্তির জন্য আদেশে ৬০(ষাট) দিনের কথা বলা হয়েছে।

মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৩১৯/২০১৯ এর অন্তবর্তীকালীন আদেশের প্রেক্ষিতে পিটিশনারের ০৬/০৭/২০১৯খ্রি. তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং পিটিশনারকে নিষ্পত্তির বিষয়টি অবহিত করতে হবে।

আবেদন পর্যালোচনায় দেখা যায়, তিনি মে/২০১৯ মাসে সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রাপ্ত হন। তিনি এপ্রিল/২০০৪ মাসে এমপিওভুক্ত হন। মার্চ/২০১২ সালে তার ০৮ বছর অভিজ্ঞতা পূর্ণ হয়। ২০১৪ সাল পর্যন্ত তার এমপিও কপিতে পদবি ভুল থাকে। ২০১৪ সালের নভেম্বর মাসে তার পদবি সংশোধন হয়। পদবি ভুল থাকায় তার টাইম স্কেল মঞ্জুর করা হয়নি। তিনি মার্চ/২০১২ থেকে এপ্রিল/২০১৯খ্রি. পর্যন্ত সময়ের বকেয়া দাবি করে আবেদন করেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১৩ এর ১২ নং ধারা মোতাবেক বকেয়া প্রদান করার কোন সুযোগ নেই। বিষয়টি মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১৬.১৯-১২, তারিখ-০৮/০১/২০২০খ্রি. মোতাবেক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।

এমতাবস্থায়, আইন শাখার মতামত অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১৩ এর ১২ নং ধারা মোতাবেক টাইম স্কেলের বকেয়া প্রদান করার কোন সুযোগ নেই। বিষয়টি পুনরায় পিটিশনারকে নির্দেশক্রমে অবহিত করা হইল।

Handwritten signature

১৫-২-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

অধ্যক্ষ, নুরুন নাহার মির্জা কাশেম মহিলা ডিগ্রি কলেজ,
জামালপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০১৬.১৯.১০৯/১(২)

তারিখ: ২৪ মাঘ ১৪২৭

০৭ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২) জনাব হ্যাপী জাহান ফেরদৌস, লাইব্রেরিয়ান, নুরুন নাহার মির্জা কাশেম মহিলা ডিগ্রি কলেজ, জামালপুর।

Handwritten signature

১৫-২-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক